



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ৩২, বিচারপতি সৈয়দ মাহবুব মোর্শেদ  
সরনি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ প্রতিকার ব্যবস্থার বিষয়ে অংশীজনদের অংশগ্রহণে ২য় ত্রৈমাসিক (২০২০-২০২১) অবহিতকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি	ফরিদ আহমদ ভূঁইয়া মহাপরিচালক
সভার তারিখ	২০ ডিসেম্বর ২০২০ খ্রি.
সভার সময়	দুপুর ১২:৩০ টা
স্থান	জাতীয় আরকাইভস সম্মেলন কক্ষ (৪র্থ তলা)
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

অধিদপ্তরের সিটিজেন চার্টার অনুযায়ী প্রদত্ত সেবার মান বৃদ্ধির লক্ষ্যে অভিযোগ প্রতিকার বিষয়ে অবহিতকরণ সভা ২০ ডিসেম্বর ২০২০ তারিখ, ১২:৩০ ঘটিকায় অধিদপ্তরের মহাপরিচালক জনাব ফরিদ আহমদ ভূঁইয়ার সভাপতিত্বে জাতীয় আরকাইভস সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় আলোচক হিসেবে উপস্থিত ছিলেন অধিদপ্তরের পরিচালক (যুগ্মসচিব) জনাব মোঃ সুজায়েত উল্যা। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। আলোচনায় অংশগ্রহণ করে জাতীয় গ্রন্থাগারের নিয়মিত পাঠক জনাব রাকিবুল হাসান পাঠকদের জন্য অন্তত একটি পাঠকক্ষ চালু করার অনুরোধ করেন। নথিপত্র ডিজিটাইজড করা হলে ঘরে বসে তথ্যসেবা পাওয়া যাবে বলে অভিমত ব্যক্ত করেন জনাব তরুন দাস। জাতীয় গ্রন্থাগার কমপক্ষে ১২ ঘণ্টা খোলা রাখা হলে গবেষকগণ উপকৃত হবেন এবং দাপ্তরিক আচরণ ও ভালো ব্যবহার করে এমন কাউকে রিডিংরুমের দায়িত্ব প্রদানের কথা বলেন। এছাড়া তিনি টাইলস মেরামতসহ ন্যাশনাল লাইব্রেরিকে সংস্কারপূর্বক উন্নত বিশ্বের গ্রন্থাগারে পর্যায়ে উন্নীত করার প্রস্তাব করেন।

তিনি

পাঠক নাফসিয়া মুনমুন পাঠকক্ষ চালু করার অনুরোধ করেন। তিনি সবাই স্বাস্থ্যবিধি মেনে গ্রন্থাগার ব্যবহার করবে বলে আশ্বস্ত করেন। মোঃ ওসমান গণি শাওন আলোচনায় অংশ নিয়ে বলেন যে, জাতীয় গ্রন্থাগারের ওয়েবসাইটে প্রবেশ করা যায় না। এটা ঠিক করার দরকার। গ্রন্থাগারে পর্যাপ্ত রেফারেন্স বই সরবরাহ করে লাইব্রেরিকে সমৃদ্ধ করা প্রয়োজন। বড় ক্যান্টিন চালু সম্ভব না হলেও স্ন্যাকস/কফি জাতীয় ক্যান্টিন চালু করার প্রস্তাব করেন। তিনি অতিসত্বর সীমিত পরিসরে পাঠকক্ষ চালু করার অনুরোধ জানান। সভাপতি বলেন যে, লাইব্রেরিতে বেশ কয়েকজন করোনা আক্রান্ত হওয়ায় পরিস্থিতির বিবেচনায় পাঠকক্ষ সাময়িকভাবে বন্ধ রাখা হয়। তিনি নতুন বর্ষে পাঠকক্ষ চালুর বিষয়টি বিবেচনার আশ্বাস প্রদান করেন। তিনি অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদেরকে শত প্রতিকূলতার মধ্যেও সেবাগ্রহীতাগণকে সর্বোত্তম সেবাদান নিশ্চিত করার আহ্বান করেন। বিস্তারিত আলোচনা-পর্যালোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত:

- ০১। কোভিড পরিস্থিতি পর্যবেক্ষণ করে জাতীয় গ্রন্থাগারের পাঠকক্ষ চালুর বিষয়টি বিবেচনা করা হবে।
- ০২। জাতীয় গ্রন্থাগারের ওয়েবসাইটে প্রবেশের কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৩। পর্যায়ক্রমে অনলাইন তথ্যসেবা চালুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৪। ফেব্রুয়ারি ২০২১ এর মধ্যে প্রয়োজনীয় রেফারেন্স বইপত্র সরবরাহ করা হবে।
- ০৫। গ্রন্থাগার চত্বরে কফি ভেন্ডিং মেশিন স্থাপনের সম্ভাব্যতা যাচাই করা হবে।

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ফরিদ আহমদ ভূঁইয়া  
মহাপরিচালক

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০১২.১৬.০০১.১৮.২৯

তারিখ: ১৪ পৌষ ১৪২৭

২৯ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ২) প্রোগ্রামার ও সভাপতি, এপিএ কমিটি, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ)।
- ৩) উপপরিচালক (আরকাইভস) চ.দা., আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৪) চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চ.দা.), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৫) মাইক্রোফিল্ম অফিসার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৬) বিবলিওগ্রাফার (সংকলন), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৭) গবেষণা কর্মকর্তা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৮) সহকারী গ্রন্থাগার পরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৯) সহকারী পরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ১০) জুনিয়র মাইক্রোফিল্মিং এন্ড ফটোস্ট্যাটিং অফিসার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ১১) মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।



মুহাম্মদ মুসলিম উদ্দিন  
বিবলিওগ্রাফার